



হিজবুল্লাহর সদরদপ্তরে ইসরায়েলি বিমান হামলা



সংগৃহীত ছবি

লেবাননের রাজধানী বৈরুতের দক্ষিণাঞ্চলে হিজবুল্লাহ সংশ্লিষ্ট একটি স্থাপনায় হামলা চালানোর দাবি করেছে ইসরায়েলি সামরিক বাহিনী। তাদের দাবি অনুযায়ী, লক্ষ্যবস্তু ছিল সংগঠনটির একটি গুরুত্বপূর্ণ ঘাঁটি।

রোববার (৭ জুন) আন্তর্জাতিক সংবাদমাধ্যম জেরুজালেম পোস্টের প্রতিবেদনে বিষয়টি প্রকাশিত হয়। এর আগে শনিবার ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) জানায়, বৈরুতের দাহিয়েহ এলাকায় অভিযান চালানো হয়েছে, যেটি হিজবুল্লাহর প্রভাবশালী এলাকা হিসেবে পরিচিত।

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ও প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কটজ এক যৌথ বিবৃতিতে বলেন, ইসরায়েলি ভূখণ্ডে হিজবুল্লাহর হামলার জবাবে এই পদক্ষেপ নেওয়া হয়েছে।

এ ঘটনায় এখন পর্যন্ত কোনো পক্ষ থেকে হতাহত বা ক্ষয়ক্ষতির বিষয়ে নিশ্চিত তথ্য পাওয়া যায়নি। হিজবুল্লাহও এ বিষয়ে তাৎক্ষণিক কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায়নি।